

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯১০

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ

: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ مَعْرُوفٍ صَدَقَةٌ وَإِنَّ مِنَ الْمَعْرُوفِ أَنْ تَقْرِغَ مِنْ دَلْوِكَ فِي إِنَاءِ أَخِيكَ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ تَلْقَى أَخَاكَ بِوَجْهٍ طَلْقِ وَأَنْ تُقْرِغَ مِنْ دَلْوِكَ فِي إِنَاءِ أَخِيكَ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ

বাংলা

১৯১০-[২৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিটি ভাল কাজই সদাক্লাহ্ (সাদাকা), আর তোমার নিজের কোন ভাইয়ের সাথে হাসিমুখে সাক্ষাৎ এবং কোন ভাইয়ের পাত্রে নিজের বালতি থেকে পানি ঢেলে দেয়াও ভাল কাজের অন্তর্ভুক্ত। (আহমাদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ লিগায়রিহী : আত্ তিরমিয়ী ১৯৭০, আহমাদ ১৪৮৭৭, শারহুস্ সুন্নাহ্ ১৬৪২, সহীহ আত্ তারগীব ২৬৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মা'রাফ (مَعْرُوْف) বলতে প্রত্যেক ঐ কাজকে বুঝায় যা ইসলামী শারী'আত সুন্দর বলে স্বীকৃতি দিয়েছে অথবা মানববৃদ্ধি ('আকল) দ্বারা যা ভালো বলে স্বীকৃত। তবে মানববৃদ্ধি দ্বারা স্বীকৃত কর্মগুলো তখনই মা'রাফ হবে যখন সেগুলো শারী'আতের সাথে সাংঘর্ষিক না হবে। সদাকাহ (সাদাকা) বলা হয় ঐ দানকে যা ব্যক্তি তার সম্পদ থেকে আল্লাহর নৈকট্য পাওয়ার উদ্দেশে দান করে। হাদীসে বর্ণিত "প্রত্যেক সৎ কাজই একটা দান" কথা দ্বারা উদ্দেশ্য হচ্ছে, প্রত্যেক সৎ কাজই সম্পদ বা অর্থ দান করার স্থলাভিষিক্ত। সদাকার মতো প্রত্যেক সৎ কাজও আল্লাহর নৈকট্য অর্জনের উপায়।

আল্ মা'রফ (الْمَعْرُوْف) ও আস্ সদাকাহ্ (সাদাকা) (الصَّدَقَةُ) পরিভাষা দু'টি শাব্দিকভাবে ভিন্ন ভিন্ন হলেও



অর্থের দিক থেকে কাছাকাছি। তবে এ দু'টি শব্দ দ্বারাই উদ্দিষ্ট কাজ একই। আল-কুরআনে শব্দ দু'টি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন- আল্লাহ বলেন,

"তাদের অধিকাংশ গোপন পরামর্শে কোন কল্যাণ নেই, তবে কল্যাণ আছে যে নির্দেশ দেয় দান-খয়রাত অথবা সৎ কাজে।" (সূরাহ্ আন্ নিসা ৪ : ১১৪)

আর পরিভাষা দু'টি অত্র হাদীসে একই অর্থে ব্যবহৃত হয়েছে। এ হাদীসে "ভাই" বলতে "মুসলিম ভাই" বুঝানো হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন